আলমডাঙ্গায় নেশার টাকা না পেয়ে বাবাকে হত্যার ৪ দিনপর অর্ধগলিত মরদেহ উদ্ধার

আলমডাঙ্গায় নেশাদ্রব্য কেনার টাকা না দেওয়ায় ছেলে শিশির আহম্মেদের বিরুদ্ধে তার বাবা বীরমুক্তিযোদ্ধা আব্দুস সোবহানকে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে।

নিহত আব্দুস সোবহান একজন সাবেক নৌ বাহিনীর কর্মকর্তা ছিলেন। আজ শনিবার দুপুরে পৌর এলাকার থানাপাড়ার নিজ বাড়ি থেকে অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

এঘটনায় আজ শনিবার দুুপুরে অভিযুক্ত শিশির আহম্মেদকে ও তার মা চায়না খাতুনকে জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নিয়েছে পুলিশ। গত বুধবার রাতে পারিবারিক কোলাহলে জেরে এ হত্যাকান্ডের ঘটনা ঘটতে পারে বলে স্থানীয়রা জানিয়েছে।

জানা গেছে, গত ৩ সেপ্টেম্বর মঙ্গলবার দুুপুরে নিহত আব্দুস সোবহান ব্যাংক থেকে মুক্তিযোদ্ধার ভাতা তোলেন। ওই দিন রাতেই তার ছেলের সাথে শিশিরের গোলোযোগ বাধে। পরে দিন বুধবার টাকা চাওয়াকে কেন্দ্র করে বাবা ও ছেলে দুজনের মধ্যে দিনভর হট্রগোল চলে। ওই দিন মাঝ রাতে আব্দুস সোবহানের আত্নচিৎকার শোনেন এলাকাবাসী। এরপর থেকে নিহত সোবহানকে বাইরে দেখেনি প্রতিবেশীরা। শনিবার দুপুরে বাড়ির দ্বিতল ভবন থেকে পচা গন্ধ বের হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে নিহতের অর্ধগলিত লাশ উদ্ধার করে।

নিহতের ভাইয়ের মেয়ে গুলশান আরা বলেন, তার চাচা ভাই শিশির বখাটে ও নেশাগ্রস্থ ছিল। কোনো কাজকর্ম করত না। নেশার টাকা জোগাতে না পেয়ে তার বাবার সঙ্গে ঝগড়ার এক পর্যায়ে মাথায় ও শরীরের বিভিন্ন জায়গায় আঘাত করে। তিনি চিকিৎসার অভাবে মারা গেলেও তার (চাচা) সোবহানের কেউ খোঁজখবর নেয়নি। পরে শনিবার দুপুরে পচা গন্ধ পেয়ে পুলিশ এসে মরদেহ উদ্ধার করেন।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ গণি মিয়া জানান, প্রতিবেশীদের খবরে নিহতের বাড়ি থেকে অর্ধগলিত মরদেহ উদ্ধার করা হয়েছে। সোবহানের লাশ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল

ঝিনাইদহ পাট ক্ষেত থেকে বৃদ্ধের অর্ধগলিত মরদেহ উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জে পাট ক্ষেত থেকে তারাপদ বিশ্বাস (৮৭) নামের এক বৃদ্ধের অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

আজ শুক্রবার সকালে উপজেলার জামাল ইউনিয়নের বাসুদেবপুর গ্রামের মাঠ থেকে তার এ মরদেহ উদ্ধার করা হয়।

মরদেহ চিহ্নত করে পুলিশ বলেছে এই লাশ মাগুরা জেলার শালিখা উপজেলার শ্রীফল তলা গ্রামের কার্তিক বিশ্বাসের ছেলে তারাপদ বিশ্বাসের।

স্থানীয়রা জানায়, ওই মাঠের একটি পাটক্ষেতে অর্ধগলিত মরদেহ পড়ে থাকতে দেখে পুলিশকে খবর দেয় স্থানীয়রা। পরে পুলিশ এসে তার মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়।

নাড়িকেলবাড়িয়া পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই মেহেদি হাসান বলেন, মরদেহটি কালীগঞ্জ উপজেলার বাসুদেবপু মৌজার মধ্যে পাওয়া গেছে। ওই বৃদ্ধ গত শুক্রবার তার বাড়ি থেকে বের হয়েছিলো শিকারপুর গ্রামে নামযজ্ঞ শোনার জন্য। বাসুদেবপুর গ্রামের তার এক আত্মীয় রয়েছে। ধারনা করা হয়েছে, নামযজ্ঞ শেষে মাঠের মধ্য দিয়ে তার আত্মীয় বাড়িতে যাওয়ার পথে মৃত্যু হয়েছে।

ঝিনাইদহে নিজ ঘর থেকে যুবকের অর্ধগলিত মরদেহ উদ্ধার

ঝিনাইদহ সদর উপজেলার চন্ডিপুর গ্রামে নিজ ঘর থেকে ইয়াছিন সরকার
(২৭) নামে এক যুবকের অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

রবিবার (৬ জুলাই) দুপুরে এই মরদেহ উদ্ধার করা হয়। ইয়াছিন সরকার একই গ্রামের ইউনুছ সরকারের ছেলে।

স্থানীয়রা জানায়, কয়েকদিন আগে ঢাকায় যাওয়ার কথা বলে তার বাবার কাছ থেকে টাকা নেয় ইয়াছিন। এরপর থেকে সে নিখোঁজ ছিল। এদিকে ইয়াছিনকে টাকা দেওয়া পরে সপ্তাহ খানেক হলো তার বাবা-মা ঝিনাইদহ শহরে আরেক ছেলের বাসায় বেড়াতে যান। রবিবার সকালে পথচারী ও গ্রামবাসীরা ওই বাড়ি থেকে দুর্গন্ধ পেয়ে ইয়াছিনের বাবা ইউনুছ সরকারকে খবর দেয়। খবর পেয়ে বাড়িতে এসে ঘরের দরজা বন্ধ দেখে পরিবারের লোকজন পুলিশে খবর দেয়। পরে পুলিশ ঘটনাস্থলে এসে ইয়াছিনের মরদেহ উদ্ধার করে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মো. সোহেল রানা জানান, চন্ডিপুর গ্রামে ঘরের ভেতরে যুবকের মরদেহ পড়ে আছে এমন খবরে সেখানে পুলিশ পাঠানো হয়। নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের পর জানা যাবে এটা হত্যা না আত্মহত্যা।